গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
**সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)**
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্বাঃঅধি/ইপিআই/ফিল্ড সার্ভিস-৪৭/টিসিভি/২০২৫/ ৩০৭১ তারিখ: ১৩/০৭/২০২৬

বরাবর,

বিভাগীয় পরিচালক... সকল বিভাগ
সিভিল সার্জন... সকল জেলা
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা... সকল সিটি কর্পোরেশন
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা... সকল উপজেলা

**বিষয়: আগামী ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে নিয়মিত টিকাদান কার্যক্রমে ১৫ মাস বয়সী শিশুদের ১ ডোজ টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (TCV) অন্তর্ভুক্তকরণ ও মাঠপর্যায়ে তা বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য সুরক্ষা ও টিকাদান প্রতিরোধযোগ্য রোগ নিয়ন্ত্রণে বাংলাদেশ সরকারের সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (EPI) ধারাবাহিকভাবে বিভিন্ন নতুন ও কার্যকর টিকা অন্তর্ভুক্ত করে আসছে। এরই ধারাবাহিকতায়, দেশের শিশুদের টাইফয়েড জ্বর হতে দীর্ঘমেয়াদি সুরক্ষা প্রদানের লক্ষ্যে ২০২৫ সালে জাতীয় Typhoid Conjugate Vaccine (TCV) ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়িত হয়েছে। উক্ত ক্যাম্পেইনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভুক্ত অধিকাংশ শিশুকে টিকার আওতায় আনা সম্ভব হয়েছে এবং মাঠপর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সন্তোষজনক সক্ষমতা প্রতিফলিত হয়েছে।

National Immunization Technical Advisory Group (NITAG),Bangladesh-এর ০৮ ডিসেম্বর ২০২৫ তারিখের সভার সুপারিশ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আইসিসি (Inter Agency Coordination Committee) সভার সিদ্ধান্ত অনুযায়ী বর্তমান বৈজ্ঞানিক তথ্য, প্রোগ্রামগত সক্ষমতা এবং রোগ প্রতিরোধ ক্ষমতার দীর্ঘস্থায়িত্ব বিবেচনায় Typhoid Conjugate Vaccine (TCV)-কে নিয়মিত টিকাদান কার্যক্রমে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে দেশব্যাপী নিয়মিত টিকাদান কার্যক্রমে ১৫ মাস বয়সী শিশুদের জন্য Typhoid Conjugate Vaccine (TCV)** প্রদান শুরু হবে।

জেলা, সিটি কর্পোরেশন/উপজেলা ও পৌরসভা পর্যায়ে নিয়মিত টিকাদান কার্যক্রমের আওতায় টাইফয়েড টিকার উচ্চ কাভারেজ নিশ্চিত করতে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

**১. টিকাদান সেশন ও লক্ষ্যমাত্রা নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা:**

- ইপিআই-এর সকল স্থায়ী ও অস্থায়ী টিকাদান কেন্দ্রের মাধ্যমে ১৫ মাস বয়সী সকল শিশুকে ০১ ডোজ টিকা বাম উরুর মাংশপেশীর মধ্যভাগের বহিঃরাংশে প্রদান নিশ্চিত করতে হবে।
- একই সেশনে MR-2 টিকার সাথে TCV সহ-প্রদান (Co-administration) করা যাবে।
- মাঠকর্মীগণ নিজ নিজ ওয়ার্ডের আওতাধীন ১৫ মাস বয়সী সকল শিশুকে অস্থায়ী টিকাদান কেন্দ্রের মাধ্যমে টিসিভি টিকা প্রদান নিশ্চিত করবেন।

- নিয়মিত ইপিআই কর্মসূচির আওতায় স্থায়ী টিকাদান কেন্দ্রসমূহে সপ্তাহের সকল কর্মদিবসে অন্যান্য টিকার ন্যায় টাইফয়েড টিকাদান কার্যক্রম চলমান থাকবে।
- মাঠকর্মীগণ সেশনের আগের দিন বাড়ি পরিদর্শনের মাধ্যমে ইপিআই-এর আওতাধীন অন্যান্য টিকার ন্যায় পরবর্তী সেশনের জন্য টাইফয়েড টিকার লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন এবং তদানুযায়ী টিকার চাহিদা জানাবেন।

**২. ডিজিটাল ট্র্যাকিং ও জন্ম নিবন্ধন সহজীকরণ:**

- মাইক্রোপ্ল্যান প্রস্তুতের লক্ষ্যে মাঠকর্মীগণ বাড়ি পরিদর্শনের মাধ্যমে ১৫ মাস বয়সী উদ্দিষ্ট সকল শিশুর সংখ্যা নির্ধারণ করবেন। একই সাথে শিশুদের 'VaxEPI' অ্যাপের মাধ্যমে নিবন্ধনের জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করবেন এবং নিবন্ধন সম্পন্নপূর্বক টিকা কার্ড ডাউনলোড করার ব্যবস্থা নেবেন।
- টিকা প্রদানের পর মাঠকর্মীগণ 'Smart Health BD/E-Tracker' অ্যাপের মাধ্যমে টিকা কার্ড স্ক্যান করে টাইফয়েড টিকাদানের তথ্য হালনাগাদ করবেন।
- যেহেতু টিসিভি (TCV) টিকা VaxEPI অ্যাপের মাধ্যমে নিবন্ধন করে গ্রহণ করতে হবে, সেহেতু উপজেলা মাসিক সমন্বয় সভায় উদ্দিষ্ট শিশুদের জন্ম নিবন্ধন নিশ্চিত করার লক্ষ্যে জন্ম নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ম্যানুয়াল ইপিআই শিশু কার্ড, নিবন্ধন বই, টালি শিট ইত্যাদিতে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন করে নিতে হবে।

**৩. ভ্যাকসিন লজিস্টিকস ও কোল্ড চেইন ব্যবস্থাপনা:**

- নিয়মিত টিকাদান কার্যক্রমে ৫ ডোজ ভায়ালের (5-dose vial) তরল টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন ব্যবহার করা হবে
- +২ ডিগ্রি সেলসিয়াস থেকে +৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন সংরক্ষণ ও পরিবহন করতে হবে।
- টাইফয়েড টিকায় দীর্ঘ সময় সংরক্ষণের প্রয়োজনীয় উপাদান (Preservative) থাকে বিধায় ভ্যাকসিনের অপচয় রোধকল্পে টিকাদান কেন্দ্রে ভায়াল খোলার পর আংশিক ব্যবহৃত ভ্যাকসিন ভায়ালটি পুনরায় পরবর্তী সেশনে ব্যবহার করা যাবে।
- টাইফয়েড কনজুগেট ভ্যাকসিনের ক্ষেত্রে মাল্টিডোজ ভায়াল পলিসি (MDVP) অনুসরণ করা যাবে, যদি— ভায়ালের মেয়াদ উত্তীর্ণ না হয়ে থাকে, সঠিক তাপমাত্রায় ভায়াল সংরক্ষণ করা হয়ে থাকে, ভায়ালের মুখ পানির সংস্পর্শে না আসে, নন-টাচ টেকনিক অনুসরণ করে ভ্যাকসিন ব্যবহার করা হয় এবং ভিভিএম (VVM) সঠিক থাকে।
- টিকাদান কেন্দ্রে ফ্রিজ-ফ্রি ভ্যাকসিন ক্যারিয়ার ব্যবহারের ক্ষেত্রে উন্মুক্ত টিসিভি ভায়াল যথাযথ নিয়মে ভ্যাকসিন ক্যারিয়ারের উপরে ফোম প্যাডের খাঁজে রাখতে হবে। এই ক্ষেত্রে ভ্যাকসিন ক্যারিয়ার থেকে কোনো আইস প্যাক বের করা যাবে না।

**৪. টিসিভি টিকার ডাটা এন্ট্রি এবং রিপোর্টিং:**

- অন্যান্য নিয়মিত টিকার মত ডিএইচআইএস-২ তে টিসিভি টিকার তথ্য প্রদান নিশ্চিত করতে হবে।

**৫. সামাজিক যোগাযোগ ও সচেতনতা বৃদ্ধি (Advocacy & IPC):**

- অভিভাবকদের মধ্যে TCV সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, ইমাম, ধর্মীয় নেতা ও কমিউনিটি নেতৃবৃন্দকে সম্পৃক্ত করতে হবে।

- বাড়ি বাড়ি যোগাযোগ, মাইকিং, উঠান বৈঠক এবং আইপিসি (IPC - Interpersonal Communication) কার্যক্রম জোরদার করতে হবে।

দেশের শিশুদের টাইফয়েড জ্বরের বিরুদ্ধে দীর্ঘমেয়াদি সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সকল পর্যায়ে সর্বোচ্চ গুরুত্ব সহকারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহোদয়ের সম্মতি রয়েছে।

(ডাঃ হাসানুল মাহমুদ)
সহকারী পরিচালক
ইপিআই অ্যান্ড সার্ভিল্যান্স
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ইমেইলঃ ad.epi@director.dghs.gov.bd

**অনুলিপি সদয় অবগতি এবং কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)।
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)।
৫. অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল সিটি কর্পোরেশন।
৯. পরিচালক, প্রশাসন,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. পরিচালক, এমআইএস/পরিকল্পনা-গবেষণা/রোগ নিয়ন্ত্রণ/হাসপাতাল/প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা/এমবিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
১১. পরিচালক, আইপিএইচ/আইপিএইচএন/আইইডিসিআর/নিপসম, মহাখালী, ঢাকা।
১২. পরিচালক, ফার্মাকোভিজিলেন্স ইউনিট, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৩. উপ-পরিচালক, ইপিআই/ হাসপাতাল/অর্থ/প্রশাসন/এমআইএস/প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা/অডিট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. মেডিকেল অফিসার, ইপিআই অ্যান্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৫. কোল্ড চেইন ইঞ্জিনিয়ার, ইপিআই অ্যান্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. প্রশাসনিক কর্মকর্তা/পরিসংখ্যান কর্মকর্তা, ইপিআই অ্যান্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭. Chief, Health Section, UNICEF, Dhaka।
১৮. Team Leader, IVD-WHO, Gulshan, Dhaka।
১৯. হেলথ ম্যানেজার (ইম্যুনাইজেশন), হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
২০. ন্যাশনাল প্রফেশনাল অফিসার, সার্ভিল্যান্স/ ইম্যুনাইজেশন /ইপিআই অ্যান্ড ভিএসকিউ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ঢাকা
২১. হেলথ অফিসার, কাভারেজ অ্যান্ড ইক্যুইটি, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
২২. হেলথ অফিসার (ই-ইপিআই), হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
২৩. জোনাল হেলথ অফিসার, ইউনিসেফ (সকল বিভাগ)।
২৪. ডিভিশনাল কো-অর্ডিনেটর, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (সকল বিভাগ)।
২৫. ন্যাশনাল কনসালটেন্ট, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ।
২৬. প্রোগ্রাম অফিসার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, গুলশান, ঢাকা, বাংলাদেশ।
২৭. সার্ভিল্যান্স অ্যান্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (সকল জেলা)।
২৮. সিনিয়র টেকনিক্যাল অফিসার, ব্রাক।
২৯. সিনিয়র টেকনিক্যাল এডভাইজার, এমসিজিএল, জাপাইগো।
৩০. অফিস কপি